

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
Tel: 9144252-3, Fax: 9144250, E-mail: info@cptu.gov.bd; Website: www.cptu.gov.bd

নং- ২১.০০.০০০০.৩৬৪.২২.৯৫০.১৭-২৬

তারিখঃ ০১/০৩/২০১৮ খ্রিঃ

বিষয়ঃ কালোতালিকা ভুক্তি (Debarment) এর বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ ১৪.৩৩.০০০০.৭৫৩.০৭.০০৮.১৭/৭৩; তারিখঃ ২২/০২/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রাধীন স্মারকের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, debarment বিষয়ে পিপিআর, ২০০৮ এর বিধি-৪৮(২)(ঙ) এবং ৪৮(২)(চ)-তে নিম্নরূপ সংস্থান আছেঃ

(ক) "নৈতিক বিধি প্রতিপালনের ক্ষেত্রে, উক্ত ব্যক্তি নিশ্চয়তা প্রদান করিবে যে, আইনের ধারা ৬৪ এবং এই বিধিমালার অধীন কোন ক্রয়কারী কর্তৃক তাহাদেরকে কোন ক্রয়কার্যে অংশগ্রহণ করা হইতে বিরত করা হয় নাই বা কোন আদালত কর্তৃক তাহাদেরকে প্রতারণা, দুর্নীতি, ষড়যন্ত্র বা জবরদস্তিমূলক কার্যকলাপের জন্য দন্ড প্রদান করা হয় নাই" [৪৮(২)(ঙ)]।

(খ) "উপ-দফা (ঙ) এর অধীন বিরতকরণ, তাহাদের স্নামে, বেনামে বা ভিন্ন কোন নামে প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রেও, যদি থাকে প্রযোজ্য হইবে [৪৮(২)(চ)]।

০২। উল্লেখ্য যে, কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে debar করার ক্ষেত্রে debarment এর মেয়াদ ও পরিধি একটি গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। এ ক্ষেত্রে পরিধি সীমিত হলে অর্থাৎ ক্রয়কারীর নিজ দপ্তর বা নিজ সংস্থার মধ্যে debarment এর পরিধি সীমিত থাকলে ক্রয়কারী কর্তৃক সেটি উল্লেখ করা প্রয়োজন। অনুরূপভাবে debarment এর মেয়াদ নির্দিষ্ট সময়ের জন্য প্রযোজ্য হলে সেটিও উল্লেখ করা প্রয়োজন।

০৩। এখানে আরো উল্লেখ্য যে, বিধি-১২৭(৬) এ নির্দেশিত প্রক্রিয়া যথাযথভাবে অনুসরণ করে কোন ব্যক্তি/প্রতিষ্ঠানকে বারিত (Debarment) করার পরে debarment বিষয়ে গৃহীত কার্যক্রমের বিবরণ ক্রয়কারী কর্তৃক সিপিটিইউ'র জ্ঞাতার্থে প্রেরণের জন্য নির্দেশনা রয়েছে।

০৪। উপর্যুক্ত বর্ণনার আলোকে বর্ণিত debarment এর মেয়াদ ও পরিধি বিষয়ে কোন অস্পষ্টতা থাকলে দরপত্র মূল্যায়ন কমিটি সংশ্লিষ্ট ক্রয়কারী দপ্তরসমূহের নিকট থেকে বিষয়টি স্পষ্টীকরণ করতে পারে।

০৫। বিবেচ্য পত্রে প্রদত্ত তথ্যের ভিত্তিতে এ মতামত প্রদান করা হ'ল।

পরিচালক (সংগ্রহ)
বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল)
পরিচালক সংগ্রহের কার্যালয়, টেলিফোন রাজস্ব ভবন
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।


(মোসাম্মা মৌসুমী হাবিব)
উপ-পরিচালক

ফোনঃ ৯১৪৪২৫২-৩/২০৩
mail: cptudd3@cptu.gov.bd

অনুলিপিঃ

- ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানী লিমিটেড (বিটিসিএল), টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই, ইন্সটন গার্ডেন, ঢাকা-১০০০।
- সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সিপিটিইউ, আইএমই বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- অফিস কপি।